# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

## উপজেলা সমবায় কার্যালয়

## গুরুদাসপুর, নাটোর

# প্রকাশনা পরিচিতি

## উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর

## বার্ষিক প্রতিবেদন প্রকাশঃ- ২০২২-২০২৩

**প্রকাশকাল: অক্টোবর, ২০২৩**

পৃষ্ঠ পোষক ও উৎসাহদান

**জনাব মোঃ রবিউল রানা ;**
উপজেলা সমবায় অফিসার,
গুরুদাসপুর, নাটোর

সম্পাদনা পরিষদ

**মোঃ সুমন রেজা**
সহকারী পরিদর্শক,
উপজেলা সমবায় কার্যালয়,
গুরুদাসপুর, নাটোর

**কম্পিউটার কম্পোজ**

আশিক,
অফিস সহায়ক,
উপজেলা সমবায় কার্যালয়,
গুরুদাসপুর, নাটোর

**প্রকাশনা ও মুদ্রণ:**

উপজেলা সমবায় কার্যালয়,
গুরুদাসপুর, নাটোর ।



১৯৭২ খ্রিস্টাব্দের ৩০ জুন বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়ন আয়োজিত সমবায় সম্মেলনে বঙ্গবন্ধু বলেন-“ আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে, এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। কেন না সমবায়ের পথ, সমাজতন্ত্রের পথ, গণতন্ত্রের পথ।”



“এটা পরীক্ষিত যে বহুমুখী গ্রাম সমবায় আমরা যদি গড়ে তুলতে পারি, বাংলাদেশে কোন দারিদ্র্য থাকবে না।”

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৫২ তম জাতীয় সমবায় দিবস-২০২৩ উদ্‌যাপন এবং জাতীয় সমবায় পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ



উপজেলা নির্বাহী অফিসার
গুরুদাসপুর, নাটোর ।

# বাণী

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায়ের অবদান তুলে ধরার জন্য উপজেলা সমবায় কার্যালয়, গুরদাসপুর, নাটোর কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজন্ম স্বপ্ন ছিল একটি সুখী ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। তারই ধারাবাহিকতায় সরকারের 'ভিশন-২০৪১' বাস্তবায়নে সমবায় বিভাগ অগ্রনী ভূমিকা পালন করে আসছে। গ্রামীন জনগোষ্ঠির দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

এ প্রতিবেদনে সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে সমবায় সমিতি গুলোর সংখ্যা, সদস্য, কার্যকরী মূলধন, ঋণ বিতরণ, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, প্রশিক্ষণ, সরকারী রাজস্ব আদায়,মুনাফা ও লভ্যাংশ বিতরণের পাশাপাশি গুরুদাসপুর উপজেলার বিভিন্ন সমবায় সমিতির কার্যক্রম ও প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা ও আয়বর্ধক কর্মকান্ড বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে।

গ্রামীণ আর্থনীতিকে সচল রাখতে অব্যহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। বিভিন্ন ভোগ্য ও ব্যবহার্যপণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে আয় বৈষম্য দূরীকরণ ও জাতীয় আর্থনীতিকে শক্তিশালীকরণে দৃশ্যমান অবদান রাখছে সমবায়। জাতির পিতার সমবায় ভাবনার আলোকে 'বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন' শ্লোগানটি ধারণ করে বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আরও এগিয়ে যাবে বলে আমি মনে করি।

প্রতিবেদনটি উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর কার্যক্রম প্রচারে অবদান রাখবে এবং সমবায় কর্মকান্ড সম্পর্কে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিন্দন ও ধণ্যবাদ জানাই।

(শ্রাবণী রায়)



যুগ্ম নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী

# মুখবন্ধ

সমবায় এমন একটি উন্নয়ন-পদ্ধতি যা সমাজের সকল শ্রেণির মানুষ নিজেদের সার্বিক উন্নয়নের জন্য সমানভাবে অনুসরণ করতে পারেন। বলা যায় এ হচ্ছে এক ধরনের সাম্যবাদী গণতান্ত্রিক উন্নয়ন মডেল। সমবায়ের মূল উদ্দেশ্য হচ্ছে আর্থ-সামাজিকভাবে শোষিত, বঞ্চিত ও পিছিয়ে পড়া জন শ্রেণিকে জমিদার-মহাজনদের মাত্রাতিরিক্ত শোষণ থেকে মুক্ত করা। তারই প্রেক্ষিতে সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য বিমোচনে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন কওে আসছে।রাজশাহী বিভাগের সমবায় সমিতিসূমহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশিত হলো।

রাজশাহী বিভাগে বর্তমানে ৩৫ প্রকারের সমবায় সমিতি রয়েছে। ৩০ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত মোট কার্যকর সমিতির সংখ্যা ১১৫৬৯টি; যার সদস্য সংখ্যা ৯.৩০ লক্ষজন। এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীর মাঝে চাহিদা ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণএবং তার ভিত্তিতে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তারই ফল স্বরুপ এ বিভাগের বেশকিছু  সংখ্যক সমবায় সমিতি জাতীয় পুরস্কার প্রাপ্তহয়। নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ২৮টি বঙ্গমাতা শেখ ফজিলা তুন নেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং‘দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ ’শীর্ষক প্রকল্পের কার্যক্রম ৪টি উপজেলায় শুরু হয়েছে। নারীর ক্ষমতায়নের প্রেক্ষাপটে এ বিভাগের প্রায় ৯৮৫ জন নারী সমবায়ীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

জাতির পিতার সমবায় ভাবনার আলোকে‘সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ’ শ্লোগানটি কাজে লাগিয়ে দেশ আরও এগিয়ে যাবে। তাঁর এ উন্নয়ন ভাবনা কে কাজে লাগিয়ে সমবায়ের মাধ্যমে সমাজের বৈষম্য দূর করে আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

যে সকল সহকর্মী বার্ষিক প্রতিবেদন প্রস্তুতির কাজে বিভিন্ন ভাবে সহযোগিতা প্রদানক রেছেনতাঁদের অশেষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

মোঃ মোখলেছুররহমান

# : ভূমিকা :

উপজেলা সমবায় কার্যালয়ের নিবন্ধিত সমবায় সমিতিসমূহ নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার আর্থ-সামাজিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। দরিদ্র জনগোষ্ঠির ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একত্রিত করে সমবায় আন্দোলন অর্থনৈতিক উন্নয়নের ভিত স্থাপন করেছে। সমবায় বিভাগের অর্থনৈতিক অগ্রগতিকে তরান্বিত করতে সমবায় আন্দোলনের বিকল্প নেই। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পর দেশ পুণর্গঠনে সমবায় পদ্ধতিকে বেছে নিয়ে বাংলাদেশের সংবিধানে সমবায়কে সম্পদের মালিকানার ভিত্তিতে দ্বিতীয় খাত হিসাবে অর্ন্তর্ভূক্ত করেছিলেন। এ ধারাবাহিকতায় জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত ‘রূপকল্প ২০২১’ ও ‘রূপকল্প ২০৪১’ বাস্তবায়নে সমবায় গুরত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে বলে আমার দৃঢ় বিশ্বাস।

সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য হ্রাসে সমবায় সমিতিগুলো গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে দীর্ঘদিন যাবৎ। অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর আওতাধীন সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার মানসে প্রতি বছর উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার উদ্যোগ হিসেবে ২০২১-২০২২ অর্থ বছর হতে এ প্রতিবেদনটি প্রকাশের অগ্রযাত্রা উন্মোচন হলো।

প্রতিবেদনটিতে নাটোর জেলা গুরুদাসপুর উপজেলার অধিক্ষেত্রের সংগঠিত সমবায় সমিতিগুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত, গঠিত অন্যান্য তহবিল, গৃহীত ও দাদনকৃত ঋণ, আদায়কৃত ও পরিশোধিত ঋণ, লভ্যাংশ বিতরণ, কর্মসংস্থান, ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইত্যাদির পাশাপাশি সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে পরিসংখ্যান তুলে ধরার চেষ্টা করা হয়েছে। এ সকল তথ্য মাঠ পর্যায়ের সমবায় সমিতিসমূহ থেকে সংগ্রহ করে গুরুদাসপুর উপজেলা কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় চূড়ান্তভাবে সংকলিত করা হয়েছে।

বার্ষিক প্রতিবেদনটি সমবায় বিভাগ তথা সমবায়ের কর্মকান্ড প্রচারে এবং সমবায় বিভাগের কর্মকান্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত ও সহায়িকা হিসেবে অবদান রাখবে বলে আমার বিশ্বাস। প্রতিবেদন প্রণয়নের সাথে সংশ্লিষ্টদের জানাই আমার আন্তরিক ধন্যবাদ।

## *উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :*

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলাসমবায় কার্যালয়, নাটোর বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে । কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ জেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন , সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট- ২১ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৪২০ জন কে নতুন ভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২০-২১ সনে ০১ টি এবং ২০২১-২২ সনে ০১টি, ২০২২-২৩সনে ১৯টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১৫০ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ‘সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প’ এবং ‘ফ্যামিলী ওয়েলফেয়ার প্রকল্প’ এর আওতায় সৃষ্ট আবর্তক তহবিল হতে কোন সমবায়ী উদ্যোক্তাকে কোন  ঋণ প্রদান করা হয়নি। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ১২০ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ‘রূপকল্প ২০২১’, ‘এসডিজি’ অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ জেলায় সমবায় বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ৯৫ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ২৫৬৩০০০/- টাকা ঋণ বিতরণ এবং ১৮৪৭৪৯৯/- টাকা আদায় করা হয়েছে।

*সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ*

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রাজশাহী বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলার নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১১৯ টি (আগস্ট/২৩) । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া  বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

*ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ*

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | উপজেলা সমবায় কার্যালয়ের জনবল | |
| ২ | একনজরে- উপজেলা সমবায় কার্যালয়, নাটোর এর উল্লেখযোগ্য তথ্য | |
| ৩ | গুরুদাসপুর উপজেলার সাধারণ ও বিআরবিডিভূক্ত কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির তথ্য | |
| ৪ | সমবায় সমিতির গুরুত্বপূর্ণ পরিসংখ্যান | |
| ৫ | “সার্বিক গ্রাম উন্নয়ন” শীর্ষক প্রকল্প সংক্রান্ত তথ্য: | |
| ৬ | শুদ্ধাচার পুরস্কার এর জন্য মনোনীতদের তথ্য | |
| ৭ | প্রকল্পসমূহ, প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিংসেশন সংক্রান্ত তথ্য | |
| ৮ | উপজেলা সমবায় কার্যালয়,গুরুদাসপুর,নাটোর কর্তৃক প্রদত্ত সেবা সমূহঃ | |

০১। উপজেলা সমবায় অফিসের জনবল সম্পর্কিত তথ্যঃ

| ক্রঃ নং | পদবী | মঞ্জুরীকৃত পদ | শূন্য পদ |
|---|---|---|---|
| ১ | উপজেলা সমবায় অফিসার | ১ | ১ |
| ২ | সহকারী পরিদর্শক | ২ | ২ |
| ৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার | ১ | ০ |
| ৪ | অফিস সহায়ক | ১ | ১ |
| | মোট | ৫ | ৪ |

০২। সমবায় সমিতির সংখ্যা সম্পর্কিত তথ্যঃ

ক)কেন্দ্রীয় সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | কেন্দ্রীয় সাধারন | ০ |
| ২. | কেন্দ্রীয় বিআরডিবি | ২ |
| | মোট | ২ |

খ)প্রাথমিক সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | প্রাথমিক সাধারন | ১১৫ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ৩২৬ |
| | মোট | ৪৪১ |

০৩. ২০২১-২০২২ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ১৭ | ২ | - |
| প্রাথমিক সমিতি | ১০৮২ | ১১৭ | - |
| মোট | ১০৯৯ | ১০৯৯ | - |

০৪. ২০২০-২০২১ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ১৭ | ২ | - |
| প্রাথমিক সমিতি | ৯১০ | ৯৪ | - |
| মোট | ৯২৭ | ৯৬ | - |

০৫. কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্য সমিতির সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| কেন্দ্রীয় সাধারন | ০ |
| কেন্দ্রীয় বিআরডিবি | ৩২৬ |
| মোট | ২৬১২ |

০৬. প্রাথমিক সমবায় সমিতির সদস্য  সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| প্রাথমিক বিআরডিবি সমিতি | ৬৫২০ |
| প্রাথমিক সাধারন সমিতি | ৩৭৮৮ |
| মোট | |

০৭. সমিতির আদায়কৃত মূলধনঃ

| ক্রঃনং | সমিতির প্রকার | সমিতির সংখ্যা | শেয়ার (লক্ষ টাকায়) | সঞ্চয় (লক্ষ টাকায়) | কার্যকরী মূলধন (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১. | প্রাথমিক সাধারন | ১১৫ | ২৩.০০ | ১১১৫.১৭ | ১১৩৮.১৭ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ৩২৬ | ৩২.০০ | ৯০.৬৮ | ১২২.৬৮ |
| | মোট | ৩৩০৬ | ৫৫.০০ | ১২০৫.৮৫ | ১২৬০.৮৫ |

০৮. সমিতির নিরীক্ষা/অডিট ফিঃ

| বৎসর | ধার্য | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২১-২২ | ১৯২৭০ | ১৯২৭০ | -- | -- | ১০০% |
| ২০২০-২১ | ১১৬২০ | ১১৬২০ | -- | -- | ১০০% |
| ২০১৯-২০ | ৪৯৪০০ | ৪৯৪০০ | -- | -- | ১০০% |

০৯. সমিতির সমবায় উন্নয়ন তহবিলঃ

| বৎসর | ধার্য | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২১-২২ | ৩২০৮৯ | ৩২০৮৯ | -- | -- | ১০০% |
| ২০২০-২১ | ১২৮১৭ | ১২৮১৭ | -- | -- | ১০০% |
| ২০১৯-২০ | ২৫২১৪ | ২৫২১৪ | -- | -- | ১০০% |

১০.নিজস্ব তহবিল থেকে কর্জ দাদন সংক্রান্ত তথ্যঃ

| নিজস্ব তহবিল থেকে কর্জ দাদনকৃত সমিতির সংখ্যা | দাদনকৃত কর্জের পরিমান (লক্ষ টাকায়) | কর্জ আদায়ের পরিমান (লক্ষ টাকায়) | আদায়ের হার |
|---|---|---|---|
| ৭১ | ৭৭.৬৪ | ৬৩.৬৩ | ৮১% |

১১. লভ্যাংশ বিতরণ সংক্রান্ত তথ্যঃ ৩০ জুন,২০২৩ পর্যন্ত

| অডিট বর্ষ | লভ্যাংশ বিতরণকারী সমিতির সংখ্যা | লভ্যাংশ বিতরণের পরিমান (লক্ষ টাকায়) | লভ্যাংশ গ্রহনকৃত সদস্য সংখ্যা (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ২০২১-২২ | ৬টি | ১.০৯ | ৫৭ |

১২. আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের তথ্যঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম/ উপজেলার নাম | প্রকল্পের সংখ্যা | সমিতির সংখ্যা | নির্মিত ব্যারাক সংখ্যা | পূর্নবাসিত পরিবার | আবাস থেকে ছাড়কৃত ঋণের পরিমাণ | চলতি মাস পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমান (ক্রমপুঞ্জিভূত) | ঋণ গ্রহনকারীর সংখ্যা | চলতি মাস পর্যন্ত আদায়কৃত ঋণের পরিমান সাঃ চার্জসহ | খেলাপী ঋণের পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | গুরুদাসপুর | ৩ | ৩ | ২৮ | ১৪০ | ৯৮০০০০ | ২৫৬৩০০ | ১৪০ | -- | ১৫৭৭৯৬ |

১৩. ভ্রাম্যমান প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃ নং | জেলার নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | | ৩০ জুন,২৩ পর্যন্ত মোট প্রশিক্ষন প্রদান | |
|---|---|---|---|---|---|
| | | কোর্সের সংখ্যা | সমবায়ীর সংখ্যা | কোর্সের সংখ্যা | সমবায়ীর সংখ্যা |
| | গুরুদাসপুর | ৬ | ১৫০ | ৬ | ১৫০ |

১৪. আইজিএ প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃ নং | জেলার নাম | কোর্সের নাম | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | গুরুদাসপুর | আইজিএ বিউটি ফিকেশন, আইজিএ ব্লক বাটিক, আইজিএ টেইলারিং, | ৩ | ৬০জন নারী | |

# বার্ষিক কার্যক্রমের স্থির  স্থির চিত্রঃ

০১. গুরুদাসপুর উপজেলায় ০৫ দিন ব্যাপী “আইজিএ সেলাই” প্রশিক্ষণার্থীদের স্থির চিত্র




প্রশিক্ষণ চলা কালে উদ্বোধন করেন জনাব মোহাঃ আব্দুল মজিদ, যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।




প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীদের  মাঝে সেরাই মেশিন  বিতরন কালে জেলা সমবায় অফিসার, নাটোর জনাব মোঃ হোসেন শহীদ।



০২. গুরুদাসপুর উপজেলায় ০৫ দিন ব্যাপী আইজিএ ব্লকবাটিক প্রশিক্ষণকারীর স্থির চিত্র।



আইজিএ ব্লক বাটিক প্রশিক্ষণার্থী কর্তৃক তৈরীকৃত পন্য।



প্রশিক্ষন কালে স্থির চিত্র।



আইজিএ ব্লক বাটিক প্রশিক্ষণার্থী কর্তৃক তৈরীকৃত পন্য।

০৩. গুরুদাসপুর উপজেলায় ০৫ দিন ব্যাপী “আইজিএ বিউটিফিকেশন” প্রশিক্ষণকারীর স্থির চিত্র।




প্রশিক্ষণ চলা কালে উদ্বোধন করেন জনাব মোহাঃ আব্দুল মজিদ, যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী। ও জেলা সমবায় অফিসার, নাটোর , জনাব মোঃ হোসেন শহীদ।



০৪. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে ১৫/০২/২০২২ ইং তারিখ হতে ০৩/০৩/২০২২ ইং তারিখ পর্যন্ত ২৫ জন বেকার যুবক যুবতী সমবায়ীগনকে মোটরযান চালনা বিয়ষক প্রশিক্ষণ উদ্বোধন এর চিত্র।






মোটরযান চালনা বিয়ষক প্রশিক্ষর্নীদের চিত্র।



মোটরযান চালনা বিয়ষক ০৬ জন মহিলা প্রশিক্ষনার্থী ও মোঃ রবিউল রানা উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর, নাটোর এর স্থির চিত্র।



রংধনু মহিলা সমবায় সমিতি লিঃ এর শতরঞ্জি পন্য তৈরীর কারখানা পরিদর্শন করছেন জেলা সমবায় অফিসার নাটোর ও যুগ্ম- নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়।



রংধনু মহিলা সমবায় সমিতি লিঃ এর শতরঞ্জির তৈরী পন্য, জনাব আলহাজ্ব অধ্যাপক মোঃ আব্দুল কুদ্দুস, মাননীয় সংসদ সদস্য- ৬১ নাটোর-৪ (গুরুদাসপুর বড়াইগ্রাম) কে উপহার দিচ্ছেন সমিতির সম্পাদিকা মোছাঃ মাহফুজা খাতুন ।



রংধনু মহিলা সমবায় সমিতি লিঃ এর শতরঞ্জির তৈরী পন্য, ৫১তম জাতীয় সমবায় দিবস-২০২২ এর প্রদর্শনীর স্থীর চিত্র।



সমাপ্ত